৭৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAY 2 1 1999

পৃঃ ১২ কলাম ৪

# আজ থেকে শুদ্ধি অভিযান বিএম কলেজে শিবির ও ছাত্র মজলিসকে নিষিদ্ধ ঘোষণা ॥ শহরে উত্তেজনা

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ ইসলামী ছাত্র শিবির ও ইসলামী ছাত্র মজলিসকে ব্রজমোহন কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ নিষিদ্ধ ঘোষণা করেছে। ছাত্রলীগ আজ শুক্রবার থেকে আগামী ৭ দিন শহরে শিবির ও মজলিসের বিরুদ্ধে 'শুদ্ধি অভিযান' পরিচালনার ঘোষণা দিয়েছে। বৃহস্পতিবার বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা শিবির ও মজলিস কার্যালয় ভাংচুর করেছে। হামলা করেছে দুই জামায়াত নেতার বাড়িতে এবং শিবির সমর্থকদের ২টি মেসে। ভস্মীভূত করেছে শিবিরের তিনটি মোটর সাইকেল। অশ্বিনী দত্তের ভাস্কর্য ভিত্তি ভাংচুরের জের ধরে শিবির দু'ছাত্রলীগ নেতাকে কুপিয়ে আহত করলে এই সংঘাতময় পরিস্থিতির সূত্রপাত হয়। এ নিয়ে শহরে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা রয়েছে।